GOVERNMENT OF WEST BENGAL
IRRIGATION AND WATERWAYS DIRECTORATE
OFFICE OF THE SUB - DIVISIONAL OFFICER
MAHANANDA EMBANKMENT SUB - DIVISION NO .–II
HARISHCHANDRAPUR , MALDA

# দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

## Auction notice No - 01 / MESD - II OF 2024-25

এতদ্বারা বৈধ রেজিষ্টার ফিসারম্যানস কো অপারেটিভ - সোসাইটিগুলির সদস্যদের জানানো যাইতেছে যে, আগামী ০৩.১২.২০২৪ তারিখ মঙ্গলবার বেলা ২.০০ ঘটিকায় নিম্নলিখিত মহানন্দা বাঁধে জলাশয়ের চৌকা সমূহ মৎস্য চাষের জন্য আগামী ১ (প্রথম) বৎসরের জন্য মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাইতেছে ।দরপত্রের সময় সীমা শর্ত সাপেক্ষে ৩(তিন) বৎসর ।সোসাইটিগুলি তাদের নামাঙ্কিত প্যাডে জলাশয়ের ক্রমিক নং নাম , সর্বোচ্চ মূল্য যাহা আনুমানিক মুল্যের থেকে বেশী এবং বায়না মুল্য যাহা বর্ণিত আছে তাহা Executive Engineer, Mahananda Embankment Division এর অনুকূলে Bank Draft করিতে হইবে এবং বৈধ রেজিষ্টার ফিশারম্যান কো - অপারেটিভ -সোসাইটির প্রমাণপত্র সহ জমা দিতে হইবে এবং সঙ্গে অঙ্গিকার করিতে হইবে যে সরকারি শর্ত মানিয়া শুধুমাত্র মৎস্য চাষ করিয়া তাহার স্বত্বভোগ করিব, এই সমস্তগুলি শীলমোহর যুক্ত বন্ধ খামে মহানন্দা বাঁধ উপভুক্তি নং ২, হরিশচন্দ্রপুর। মালদা অফিসে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমা দিতে হইবে । ঐ দিন ই বেলা ৩.০০ ঘটিকায় ইচ্ছুক দরপত্র প্রদানকারীদের সম্মুখে নিম্ন সাক্ষরকারী কর্তৃক শীল - মোহর যুক্ত বন্ধ খাম খোলা হইবে।

নিয়মাবলী :-

1. ক্রয়েচ্ছু সোসাইটিগুলির সদস্যদের অনুরাধ করা যাইতেছে যে , তাহারা উক্তদিনে উপস্থিত হইয়া দরপত্রে অংশগ্রহন করিবেন ।
2. প্রতিটি জলাশয়ের চৌকার জন্য পৃথক পৃথক দরপত্র জমা দিতে হইবে।
3. ইচ্ছুক সোসাইটিগুলির নিমাক্ত চৌকাসমূহ সরজমিন পরিদর্শন করিয়া নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট জায়গায় দরপত্র দাখিল করিতে হইবে , এ ব্যাপারে কোনারুপ ওজর আপত্তি গ্রাহ্য হইবে না ।
4. দরপত্র ৩ ( তিন ) বছরের জনা পর্যন্ত সর্বোচ্চ সফল দরপত্র প্রদানকারী জলাশয়ের মৎস চাষের স্বত্বভাগ করিবার অধিকার পাইবে । উক্ত সময়ের মধ্যে চুরি বা প্রাকৃতিক বিপর্যয়ে কোনারূপ ক্ষতি হইলে নিলামকারী কোনপ্রকার দায়ী থাকিবে না ।
5. দরপত্র মঞ্জুর করা বা না করা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সম্পূর্ন ইচ্ছাধীন । যতক্ষণ না পর্যন্ত মহানন্দা বাঁধ ভুক্তির নির্বাহী বাস্তুকার মহাশয় দরপত্র সম্পূর্ণ অনুমোদন করিয়া টাকা গ্রহণ করিবেন ততক্ষণ পর্যন্ত এই দরপত্র সম্পূর্ণরুপে গ্রাহ্য হইবে না । এবং উপরিউক্ত নিলামের জন্য কর্তৃপক্ষ কোনারুপ কারন দর্শাইতে বাধ্য থাকিবে না ।
6. স্লুইসের ১০০ মিটার পরিবৃত্তের মধ্যে মৎস্য ধরা নিষেধ । কোনও স্লুইসের গেট সরকারী লিখিত আদেশ ছাড়া কেউ খুলিতে বা বন্ধ করিতে পারিবেন না ।

7. সর্বোচ্চ সফল দরপত্র প্রদানকারী , আদেশ গ্রহণ করার পর প্রথম বৎসরের জন্য Bank Draft করে জমা দিতে হইবে । Bank Draft টি Executive Engineer , Mahananda Embankment Division এর অনুকূলে হইবে । তারপর Work Order দেওয়া হইবে । উক্ত সময়ের মধ্যে Bank Draft জমা না দিলে দরপত্র সম্পূর্নরুপে বাতিল বলে গন্য হইবে এবং কোনরুপ আবেদন গ্রাহ্য হইবে না ।

8. অসফল দরপত্র প্রদানকারীগনের বায়না মুল্য যাহা Bank Draft করে জমা করেছিলেন তাহা নির্বাহী বাস্তুকারের অফিস হইতে ১৫ দিনের মধ্যে ফেরৎ পাওয়া যাইবে ।

9. প্রথম বৎসরের - ভোগদখল এর পর দ্বিতীয় বৎসরের জন্য ভোগদখল এর প্রথম বৎসরের দরপত্রের ১০ % ( দশ শতাংশ ) বৃদ্ধি ঘটিবে এবং উহা Executive Engineer , Mahananda Embankment Division এর অনুকূলে Bank Draft করে প্রথম বৎসরের সময় সীমার পূর্বে জমা প্রদান করিতে হইবে । নচেৎ ভোগদখল ঐ পর্যন্ত সমাপ্ত করিয়া বাতিল বলিয়া গণ্য হইবে । অনুরুপে তৃতীয় বৎসরের ভোগদখল জন্য দরপত্র দ্বিতীয় বৎসরের ১০ % ( দশ শতাংশ) বৃদ্ধি ঘটিবে এবং উহা Executive Engineer , Mahananda Embankment Division এর অনুকূলে Bank Draft করে দ্বিতীয় বৎসরের সময় সীমার পূর্বে জমা প্রদান করিতে হইবে । নচেৎ ভোগদখল ঐ পর্যন্ত সমাপ্ত করিয়া বাতিল বলিয়া গন্য হইবে ।

10. দরপত্র জমা দেওয়ার স্থান : Office of the Sub Divisional Officer , Mahananda Embankment Sub-Division No - II , Harishchandrapur , Malda|

Sd/

উপভুক্তি আধিকারিক
মহানন্দা বাঁধ উপভুক্তি নং -২
হরিশ্চন্দ্রপুর, মালদা

মহানন্দা বাঁধ প্রকল্প ভূক্তি নং -২ জলাশয় চৌকা সমুহের বিবরণ ।

| ক্রমিক নং | জলাশয় চৌকা সমুহের নাম ও অবস্থান | সংরক্ষণ মূল্য | বায়না মূল্য |
|---|---|---|---|
| ১. | মহানন্দা বাঁধে আশাপুর হইতে খানপুর রেম্প পর্যন্ত জলাশয়ের চৌকাসমূহ, থানা- চাঁচল, জিলা- মালদা | ৭০৫০০.০০ | ৭০৫০.০০ |
| ২. | মহানন্দা বাঁধে গোবিন্দপুর রেম্প হইতে নজরপুর রেম্প পর্যন্ত চৌকাসমূহ, থানা- চাঁচল, জিলা- মালদা | ৫৪৬৪.০০ | ৫৪৬.০০ |
| ৩. | গৌরহান্দারা স্লুইস এর নিকট আনুমানিক ১০০ ফুট X ৬০ ফুট পরিমাপের একটি জলাশয়, থানা- চাঁচল, জিলা- মালদা | ১০৫৮.০০ | ১০৬.০০ |
| ৪. | মহানন্দা বাঁধে খানপুর রেম্প হইতে গোবিন্দপুর রেম্প পর্যন্ত চৌকাসমূহ, থানা- চাঁচল, জিলা- মালদা | ৬৬৯৮.০০ | ৬৭০.০০ |
| ৫. | মহানন্দা বাঁধে ( বারসই শাখা ) কুশিদা হইতে স্বরূপগঞ্জ স্লুইস পর্যন্ত চৌকাসমূহ, থানা- চাঁচল, জিলা- মালদা | ৮৮১৩.০০ | ৮৮১.০০ |

[বিদ্র : - বিশদ বিবরণের জন্য নিম্নোক্তো আধিকারিকের করণে ( ছুটির দিন ছাড়া ) বেলা ১১.০০ মিনিট হইতে বিকাল ৪.০০ টার মধ্যে যোগাযোগ করার জন্য আহ্বান জানানো হইতেছে । ]

Sd/

Sub - Divisional Officer
Mahananda Embankment Sub - Division No- II
Harishchandrapur , Malda

Memo No: 194/1(12) Dated : 12/11/2024

Copy to the :

1. Sabhadhipati , Malda Zilla Parishad , Malda
2. Superintending Engineer , North Irrigation Circle - 1 , Green Park , Malda ,
3. Executive Engineer , Mahananda Embankment Division , Green Park , Malda ,
4. Sub - Divisional Officer , Mahananda Embankment Sub - Divion No.- II / III , Malda
5. B.D.O . - H.C.Pur – I/II, Chanchal - I/II , Ratua -I/II
6. Subhapati - H.C.Pur - I / II , Chanchal - I/II , Ratua - I/II
7. Officer - in - Charge , H.C.Pur PS
8. Fishery Extension Officer - H.C. Pur - I/II , Chanchal - I/II , Ratua –I/ II
9. District Fishery Officer , Malda , Mangalbari , Malda .
10. Secretary , H.C. Pur Thanna Fishery Co - Opp . Society / Paharpur Fishery Co - Opp Society / Boalia Fishery Co - Opp Society / Alal Co - Opp . Society / Malio Fishery Co - Opp . Society / Bhaluka Fishermans Co - Opp . Society ltd / Ujitpur Fishery Co - Opp . Society for information & wide circulation.
11. District information Officer , Malda
12. Office Notice Board

Sub - Divisional Officer
Mahananda Embankment Sub - Division No- II
Harishchandrapur , Malda

GOVERNMENT OF WEST BENGAL
IRRIGATION AND WATERWAYS DIRECTORATE
OFFICE OF THE SUB - DIVISIONAL OFFICER
MAHANANDA EMBANKMENT SUB - DIVISION NO . – II
HARISHCHANDRAPUR , MALDA

# নিলামের বিজ্ঞপ্তি

## Auction notice No - 01 / MESD - II OF 2024-25

দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় :- ০৩.১২.২০২৪ বেলা ২.০০ ঘটিকায়
দরপত্র খোলার তারিখ ও সময় : -০৩.১২.২০২৪ বেলা ৩.০০ ঘটিকায়

দরপত্র জমা দেওয়ার ও দরপত্র খোলার স্থান :- হরিশ্চন্দ্রপুর, মহানন্দা বাঁধ উপভুক্তি নং – ২, হরিশ্চন্দ্রপুর , মালদা

## মহানন্দা বাঁধ প্রকল্প ভূক্তি নং -২ জলাশয় চৌকা সমুহের বিবরণ ।

| ক্রমিক নং | জলাশয় চৌকা সমুহের নাম ও অবস্থান | সংরক্ষণ মূল্য (Reserved Price) | বায়না মূল্য (Earnest Money) |
|---|---|---|---|
| ১. | মহানন্দা বাঁধে আশাপুর হইতে খানপুর রেম্প পর্যন্ত জলাশয়ের চৌকাসমূহ, থানা- চাঁচল, জিলা- মালদা | ৭০৫০০.০০ | ৭০৫০.০০ |
| . ২. | মহানন্দা বাঁধে গোবিন্দপুর রেম্প হইতে নজরপুর রেম্প পর্যন্ত চৌকাসমূহ, থানা- চাঁচল, জিলা- মালদা | ৫৪৬৪.০০ | ৫৪৬.০০ |
| ৩. | গৌরহান্দারা স্লুইস এর নিকট আনুমানিক ১০০ ফুট X ৬০ ফুট পরিমাপের একটি জলাশয়, থানা- চাঁচল, জিলা- মালদা | ১০৫৮.০০ | ১০৬.০০ |
| ৪. | মহানন্দা বাঁধে খানপুর রেম্প হইতে গোবিন্দপুর রেম্প পর্যন্ত চৌকাসমূহ, থানা- চাঁচল, জিলা- মালদা | ৬৬৯৮.০০ | ৬৭০.০০ |
| ৫. | মহানন্দা বাঁধে ( বারসই শাখা ) কুশিদা হইতে স্বরূপগঞ্জ স্লুইস পর্যন্ত চৌকাসমূহ, থানা- চাঁচল, জিলা- মালদা | ৮৮১৩.০০ | ৮৮১.০০ |

[বিদ্র : - বিশদ বিবরণের জন্য নিম্নোক্তো আধিকারিকের করণে ( ছুটির দিন ছাড়া ) বেলা ১১.০০ মিনিট হইতে বিকাল ৪.০০ টার মধ্যে যোগাযোগ করার জন্য আহ্বান জানানো হইতেছে । ]

Sd/
উপভুক্তি আধিকারিক
মহানন্দা বাঁধ উপভুক্তি নং -২
হরিশ্চন্দ্রপুর, মালদা